

■ হাদিস সম্মান

হাদিস নাম্বারঃ ২৫৮৪

২৪/ বিবাহ ও দাম্পত্য

পরিচ্ছেদঃ দাম্পত্য ও সংসার

আরবী

عَنْ عَائِشَةَ زَوْجِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَتْ : دَخَلَ الْحَبَشَةُ الْمَسْجِدَ يَلْعَبُونَ فَقَالَ لَيْ : يَا حُمَيْرَاءُ اتُحِبِّينَ أَنْ تَنْظُرِي إِلَيْهِمْ ؟ فَقُلْتُ : نَعَمْ فَقَامَ بِالْبَابِ وَجِئْتُهُ فَوَضَعْتُ ذَقْنِي عَلَى عَاتِقِهِ فَاسْنَدْتُ وَجْهِي إِلَى خَدِّهِ قَالَتْ : وَمِنْ قَوْلِهِمْ يَوْمَئِذٍ : أَبَا الْقَاسِمِ طَيِّبًا فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ : حَسْبُكِ ؟ فَقُلْتُ : يَا رَسُولَ اللَّهِ لَا تَعْجَلْ فَقَامَ لَيْ ثُمَّ قَالَ : حَسْبُكِ ؟ فَقُلْتُ : لَا تَعْجَلْ يَا رَسُولَ اللَّهِ قَالَتْ : وَمَابِي حُبُّ النَّظَرِ إِلَيْهِمْ وَلَكِنِّي أَحَبَّبْتُ أَنْ تُبَلِّغَ النِّسَاءُ مَقَامَهُ بِي وَمَكَانِي مِنْهُ

বাংলা

(২৫৮৪) আয়েশা (রাঃ) বলেন, একদা হাবশীরা বর্ষা-বন্ধন নিয়ে মসজিদে খেলা করছিল। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে জিজ্ঞাসা করলেন, ”হে হুমাইরা! তুম কি ওদের খেলা দেখতে চাও?” আমি বললাম, ‘হ্যাঁ।’ তখন তিনি দরজায় দাঁড়িয়ে গেলেন। আমি আমার থুত্তিকে তাঁর কাঁধের উপর রাখলাম এবং আমার চেহারাকে তাঁর গালের সাথে লাগিয়ে দাঁড়িয়ে গেলাম। (বেশ কিছুক্ষণ দেখার পর) তিনি বললেন, ”যথেষ্ট হয়েছে, চল এবারে।” আমি বললাম, ’হে আল্লাহর রাসূল! তাড়াতাড়ি করবেন না।’ তাই তিনি আমার জন্য আবারও দাঁড়িয়ে গেলেন। অতঃপর আবার বললেন, ”যথেষ্ট হয়েছে, চল এবারে।” আমি বললাম, ’হে আল্লাহর রাসূল! তাড়াতাড়ি করবেন না।’ আমার যে তাদের খেলা দেখার খুব শখ ছিল তা নয়, বরং আমি কেবল তাঁর অন্যান্য স্ত্রীদেরকে এ কথাটা জানিয়ে দিতে চাইছিলাম যে, আমার কাছে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কতটা মর্যাদা ছিল এবং তাঁর কাছে আমার কতটা কদর ছিল। (নাসাই কুবরা ৮৯৫১, মুসলিম ২১০০-২১০৫)

ফুটনোট

(নাসাই কুবরা ৮৯৫১, মুসলিম ২১০০-২১০৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁজিরীকৃত

পাবলিশারঃ ওয়াইদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিন্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=66332>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন